



ফরম পূরণের দাবিতে পটিয়া মুজাফরবাদ কলেজে ভাংচুর

প্রকাশিত: ০৮ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, পটিয়া, ৭ জানুয়ারি ॥ এইচএসসির টেষ্ট পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীরা ফরম পূরণের দাবিতে চট্টগ্রামের পটিয়া মুজাফরবাদ কলেজে ভাংচুর ও বিক্ষোভ করেছে। টেষ্ট পরীক্ষায় অকৃতকার্য ছাত্ররা ফরম পূরণের দাবিতে সোমবার দুপুরে কলেজের আইসিটি ভবনের গ্লাস ভাংচুর করেছে। ওই সময় বিক্ষোভকারী শিক্ষার্থীরা শিক্ষকদের হৃষকিও দেন। অবশ্যই ঘটনার খবর পেয়ে পটিয়া থানা পুলিশ দ্রুত ছুটে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। তবে কাউকে গ্রেফতার করতে পারেনি।

জানা গেছে, পটিয়া উপজেলার মুজাফরবাদ কলেজে এইচএসসির টেষ্ট পরীক্ষায় ২৫০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। তার মধ্যে ৬৮ জন পরীক্ষার্থী টেষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হলেও ১৮২ জন ছাত্র উত্তীর্ণ হতে পারেনি। অভিযোগ ওঠেছে, ওই কলেজে এইচএসসির টেষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়নি এমন অনেক শিক্ষার্থীকে ফরম পূরণের সুযোগ করে দিয়েছে কলেজ কর্তৃপক্ষ। যার কারণে অকৃতকার্য অন্য ছাত্ররা কলেজে বিক্ষোভ ও ভাংচুর করেন। মুজাফরবাদ কলেজের অধ্যক্ষ আবু হৈয়দ বলেন, অকৃতকার্য ছাত্ররা এইচএসসির ফরম পূরণের দাবিতে বিক্ষোভ ও পরবর্তীতে কলেজের আইসিটি ভবনের জানালার গ্লাস ভাংচুর করেছে। ব্যবসায়িক শিক্ষার জিসিমুল বশর, শাহাদাত হোসেন, আবদুল মানিক বিক্ষোভ ও ভাংচুরে নেতৃত্ব দিয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তৃক গ্লোব জনকষ্ট শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ট লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ট ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ এন্ড টেকনিশিয়াল স্কুল, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com